

সীমিত

খাতওয়ারী মার্চ ২০১৮ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী মার্চ ২০১৮ মাসের সর্বমোট ২১৯ কোটি ৬২ লক্ষ ৬৫ হাজার ৪৮৩ টাকার সাফল্য অর্জন করে।

২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। মার্চ ২০১৮ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ৮১ কোটি ০৪ লক্ষ ০১ হাজার ৮৩৩ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
<b>চোরাচালান পণ্য</b>			
১।	অকটেন/ডিজেল	১,৪৭০ লিটার	৯৩,২০০/০০
২।	বার্থিং হাউজার/ওয়্যার রোপ	১,৪৫০ মিটার	১২,২০,০০০/০০
৩।	শাড়ি	১,৬০২ পিস	৫৬,৬৬,০০০/০০
৪।	ত্রি পিস	৩৪১ পিস	১৩,৬৪,০০০/০০
৫।	বান্ধহেড	০১ টি	২০,০০,০০০/০০
৬।	সি ফিস	২৮০ কেজি	৮২,০০০/০০
৭।	হাঙ্গর	৪০ কেজি	৪৮,০০০/০০
৮।	হাঙ্গর তৈল	১,২০০ লিটার	৩,৬০,০০০/০০
৯।	অন্যান্য (পোয়া মাছ)	-	২,২৪,০০০/০০
<b>অস্ত্র উদ্ধার</b>			
১।	অস্ত্র	০২ টি	-
২।	তাজা গোলা	০২ রাউন্ডস	-
৩।	রামদা/ছুরি/চাপাতি	০৪ টি	-
<b>মাদকদ্রব্য</b>			
১।	ইয়াবা	১৫,৮৭,১৪০ পিস	৭৯,৩৫,৭০,০০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	৪৫৪ বোতল/ক্যান	২,২৫,০০০/০০
৩।	গাঁজা	৭০০ গ্রাম	১১,০০০/০০
৪।	বিদেশী সিগারেট	৮৪,০০০ সিটক্স	৮,৪০,০০০/০০
৫।	সিগারেট	১৯২ কার্টুন	৩,৮৪,০০০/০০
৬।	ইয়াবা	১৫,৮৭,১৪০ পিস	৭৯,৩৫,৭০,০০০/০০
<b>বনজ সম্পদ</b>			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১৮৯৩.৮৬ ঘনফুট	১৭,৫২,৭০৮/০০
<b>পরিবেশ রক্ষা</b>			
১।	পলিথিন	৬,২৮০ কেজি	৯,৪২,০০০/০০
২।	হরিণের মাথা	০২ টি	-
৩।	হরিণের মাংস	৫০ কেজি	-
৪।	নগদ টাকা		৪,০২৫/০০
<b>আটককৃত বাহন</b>			
১।	বোট/ট্রাক/মটর সাইকেল	০৭ টি	১৬,১৫,৯০০/০০
<b>আটককৃত জনবল</b>			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	০৯ জন	-
<b>উদ্ধার অভিযান</b>			
১।	অপহৃত বিপন্ন জেলে উদ্ধার	৭১ জন	-
২।	অপহৃত বোট উদ্ধার	১৭ টি	-
৩।	মৃতদেহ উদ্ধার	০১ জন	-
			<b>সর্বমোট</b>
			<b>৮১,০৪,০১,৮৩৩/০০</b>

## সীমিত

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মার্চ ২০১৮ মাসে সর্বমোট ১৩৮ কোটি ৫৮ লক্ষ ৬৩ হাজার ৬৫০ টাকার ২,৬৯,২৫,২০০ মিটার কারেন্ট জাল, ৪৮,১২,৫১০ মিটার অন্যান্য জাল, ৮০৮ পিস বেহুন্দি/ মশারি জাল, ৩৭,৫১২ কেজি জাটকা, ২,৫৩,৭২,০৮০ পিস রেনু পোনা, ৮১ টি বোট ও ২০৭ জন জেলেকে আটক করা হয়।

৪। রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশন টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহুরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক মার্চ ২০১৮ মাসে বাংলাদেশে অবৈধভাবে মায়ানমার নাগরিক অনুপ্রবেশ, আটক এবং মায়ানমারে ফেরত পাঠানো হয়নি।

৫। অপহৃত বিপন্ন জেলে উদ্ধার অভিযান। গত ০৩ মার্চ ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি স্টেশন কোকিলমণি কর্তৃক বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে শরনখোলা থানাধীন কটকা এলাকা হতে অপহৃত ১৪ জন বিপন্ন জেলে, ০৩ টি ইঞ্জিনচালিত বোট ও ০৫ টি দেশীয় বোট উদ্ধার করা হয়। এছাড়াও গত ০৫ মার্চ ২০১৮ তারিখে কোস্ট গার্ড বাহিনীর সিজি স্টেশন কোকিলমণি কর্তৃক বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে শরনখোলা থানাধীন বন্দা আলী খাল এলাকা হতে অপহৃত ০৯ জন বিপন্ন জেলে ও ০২ টি ইঞ্জিনচালিত বোট উদ্ধার করা হয়। পরবর্তীতে অপহৃত জেলে ও বোট নিষ্পত্তির জন্য কটকা ফরেস্ট অফিসে হস্তান্তর করা হয়।

৬। চোরাচালান বিরোধী অভিযান। গত ১৫ মার্চ ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি স্টেশন পাগলা বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে লৌহজং থানাধীন মাওয়া ফেরীঘাট এলাকায় হতে ১৫০ পিস শাড়ি (ভাল মানের), ৩৬৬ পিস শাড়ি (মধ্যম মানের), ১৯২ কার্টুন সিগারেট ও ৪,০৮০ কেজি পলিথিন আটক করে যার আনুমানিক মূল্য টাকা ২৮,৪৪,০০০/০০ (টাকা আটাশ লক্ষ চুয়ালিচশ হাজার মাত্র)। পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) কার্যালয়ের গুলিস্থানস্থ গোডাউনের সহকারী রাজস্ব কর্মকর্তার নিকট হস্তান্তর করা হয়। এছাড়াও গত ২০ মার্চ ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি স্টেশন মাওয়া বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে লৌহজং থানাধীন মাওয়া ফেরীঘাট এলাকায় মালিক বিহীন অবস্থায় অবৈধভাবে পরিবহনকৃত ৮০৬ পিস শাড়ি ও ৩৪১ পিস থ্রি পিস আটক করে যার আনুমানিক মূল্য টাকা ৩৭,৮২,০০০/০০ (টাকা সাতত্রিশ লক্ষ বিরাশি হাজার মাত্র)। পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) কার্যালয়ের গুলিস্থানস্থ গোডাউনের সহকারী রাজস্ব কর্মকর্তার নিকট হস্তান্তর করা হয়।

৭। বিশেষ অভিযান। গত ৩১ মার্চ ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর স্টেশন টেকনাফ ও আউটপোস্ট বাহারছড়া কর্তৃক টেকনাফ থানাধীন হাম্বেরছড়া উত্তর শিলখালী এলাকায় অভিযান চালিয়ে ০২ টি গুটার গান, ০২ রাউন্ডস্ তাঙ্গা গোলা ও ০১ টি চাপাতি আটক করা হয়। পরবর্তীতে আটককৃত মালামাল টেকনাফ থানায় হস্তান্তর করা হয়।

৮। অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান। মার্চ ২০১৮ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।